

এই নির্বাচনের উপর ভাবনাচিন্তা

প্রিয় নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর কমিউনিটি,

একটি পাবলিক স্কুল সিস্টেম হিসেবে, আমি বিশ্বাস করি যে আমাদের শিক্ষার্থী এবং পরিবারদের প্রতি আমাদের একগুচ্ছ মূল দায়-দায়িত্ব রয়েছে। প্রথমত এবং সর্বোপরি, আমাদেরকে অবশ্যই শিক্ষার্থীদেরকে নিরাপদ রাখতে হবে। এছাড়াও, আমাদের অবশ্যই তাদেরকে আগামী প্রজন্মের নেতা হবার জন্য প্রস্তুত করতে হবে। এসব কারণে, একটি প্রেসিডেন্ট নির্বাচন আমাদের স্কুলের কমিউনিটিগুলোতে একটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ মুহূর্তের প্রতিনিধিত্ব করে।

আমি গত সপ্তাহের PS + You নিউজলেটারে যেভাবে আলোকপাত করেছি, আমাদের সিভিক্স টিম (নাগরিক সংশ্লিষ্টতা দল) এই নির্বাচন জুড়ে আমাদের শিক্ষার্থীদের নাগরিক হিসেবে সংশ্লিষ্ট হতে অসাধারণ কাজ করেছে। আমরা আমাদের ছেলেমেয়েদের মাঝে গণতন্ত্রের প্রতি গভীর কৃতজ্ঞতাবোধ এবং অনুধাবন রোপন করছি।

আমরা যখন জানুয়ারিতে প্রেসিডেন্ট পরিবর্তনের জন্য প্রস্তুত হচ্ছি, তখন আমাদের ছেলেমেয়েরা হয়তো এই নির্বাচনের ফলাফল তাদের জন্য কী অর্থ বহন করে তা নিয়ে ভাবছে। প্রথমত, আমি আপনাদের আশ্বস্ত করতে চাই যে আমরা আমাদের শিক্ষার্থী, কর্মী, এবং পরিবারদের জন্য নিরাপদ ও সহায়ক পরিবেশ বজায় রাখতে আমাদের প্রতিশ্রুতির প্রতি অবিচল রয়েছি। এটি আমাদের সর্বোচ্চ প্রাধান্য এবং একটি স্কুল সিস্টেম হিসেবে আমাদের প্রথম দায়িত্ব।

অতিরিক্তভাবে, আমি—শিক্ষাবীদ, স্কুলের নেতৃবৃন্দ, পরিবারবর্গ, এবং কমিউনিটির সদস্য—সবাইকে, আমাদের শিক্ষার্থীদের সাথে নির্বাচন নিয়ে আলোচনা করতে এবং এর মাধ্যমে সুচিন্তিত নাগরিক আলোচনা-সমালোচনার মডেল তৈরি করতে উৎসাহিত করছি। আমাদেরকে অবশ্যই আমাদের শিক্ষার্থীদের শ্রদ্ধাশীলভাবে প্রশ্ন জিজ্ঞেস করতে, সত্য তথ্য জানতে, এবং তাদের দৃষ্টিভঙ্গি প্রকাশ করতে সহায়তা করতে হবে। আলোচনার জন্য স্থান তৈরি করতে সহায়ক বিভিন্ন সংস্থান বা রিসোর্সের জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/currentevents দেখুন।

অবশেষে, কমিউনিটির সদস্য হিসেবে, আমরা আমাদের শিক্ষার্থী এবং একে-অন্যের প্রতি যত্নশীল হওয়া অব্যাহত রাখবো। প্রতিটি স্কুলের অভ্যন্তরে মানসিক স্বাস্থ্যজনিত সহায়তা রয়েছে (schools.nyc.gov/mentalhealth দেখুন), এবং আপনার নিজের সহায়তা প্রয়োজন হয়, তবে আপনি 988 নম্বরে ফোন অথবা টেক্সট করতে পারেন। শিক্ষার্থীদের নিরাপত্তা ও সহায়তা নিয়ে আপনার যদি কোনো প্রশ্ন অথবা উদ্বেগ থাকে, তবে অনুগ্রহ করে আপনার প্রিন্সিপাল কিংবা ডিস্ট্রিক্ট সুপারিন্টেনডেন্টের সাথে যোগাযোগ করুন।

আমরা যখন আমাদের দেশ এবং আমাদের গণতন্ত্রের ভবিষ্যতের দিকে তাকিয়ে আছি, আমি আপনাদের নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ কমিউনিটির অংশ হবার জন্য ধন্যবাদ জানাতে চাই। পাবলিক এডুকেশন আমাদের সমাজের একটি ভিত্তিপ্রস্তর, এবং আমরা পরবর্তী প্রজন্মের নেতৃত্বদকে প্রস্তুত করতে প্রতিদিন কাজ করছি। আমাদের সকল শিক্ষার্থীদের পথ-নির্দেশনা, লালনপালন, এবং সহায়তা দেয়া এবং প্রতিদিন আমাদের নিউ ইয়র্ক সিটির মূল্যবোধ তুলে ধরার জন্য আপনাদের ধন্যবাদ।

অংশীদারিত্বে,



মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)

চ্যান্সেলর